রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বুধবার, জানুয়ারি ৩, ২০২৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাণিজ্য মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৪ অগ্রহায়ণ, ১৪৩০ বঙ্গাব্দ/২৯ নভেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং ৩২৬-আইন/২০২৩।**—সরকার, Imports and Exports (Control) Act, 1950 (Act No. XXXIX of 1950) এর section 3 এর sub- section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে, নিম্নরূপ আদেশ জারি করিল, যথা:—

১। **শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আদেশ আমদানিকারক, রপ্তানিকারক এবং ইন্ডেন্টর (নিবন্ধন) আদেশ, ২০২৩ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই আদেশে—

(ক) **"অংশীদারি ফার্ম"** অর্থ Partnership Act, 1932 (Act No. IX of 1932) এর অধীন গঠিত অংশীদারি ফার্ম;

(খ) **"আইন"** অর্থ Imports and Exports (Control) Act, 1950 (Act No. XXXIX of 1950);

(গ) **"আমদানিকারক"** অর্থ এইরূপ কোনো প্রতিষ্ঠান বা প্রতিষ্ঠানের শাখা যাহা পণ্য বা সেবা আমদানি করিবার উদ্দেশ্যে এই আদেশের অধীন আমদানিকারক হিসাবে নিবন্ধিত;

(ঘ) **"ইন্ডেন্টর"** অর্থ এইরূপ কোনো প্রতিষ্ঠান যাহা বিদেশের কোনো সরবরাহকারী কর্তৃক একক এজেন্সিশিপ (sole agency), ডিলারশিপ বা বিতরণের ক্ষমতাপ্রাপ্ত এবং ইন্ডেন্টর হিসাবে এই আদেশের অধীন নিবন্ধিত;

(ঙ) **"নিবন্ধন"** অর্থ এই আদেশের অধীন প্রদত্ত নিবন্ধন;



**মূল্য :** টাকা ২০.০০

(চ) **"নিবন্ধন কর্তৃপক্ষ"** অর্থ প্রধান নিয়ন্ত্রক (Chief Controller), অথবা সরকার কর্তৃক এতদুদ্দেশ্য ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা;

(ছ) **"পরিবার"** অর্থ কোনো ব্যক্তির স্ত্রী বা স্বামী এবং উক্ত ব্যক্তির উপর নির্ভরশীল তাহার পিতা, মাতা, পুত্র বা কন্যা;

(জ) **"প্রতিষ্ঠান"** অর্থ আমদানি, রপ্তানি বা ইন্ডেন্ট ব্যবসায়ের উদ্দেশ্যে গঠিত ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান, অংশীদারি ফার্ম, কোম্পানি, সংস্থা, বিদেশি ফার্ম, ব্যক্তি বা ব্যক্তিসংঘ;

(ঝ) **"বিদেশি ফার্ম"** অর্থ এইরূপ কোনো প্রতিষ্ঠান যাহার শেয়ার বা স্বার্থ বা ব্যবস্থাপনা বাংলাদেশের নাগরিক নহেন এইরূপ কোনো ব্যক্তি বা ব্যক্তিবর্গ কর্তৃক ধারণকৃত বা নিয়ন্ত্রিত;

(ঞ) **"ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান"** অর্থ ব্যবসায়িক উদ্দেশ্যে গঠিত একক ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান; এবং

(ট) **"রপ্তানিকারক"** অর্থ এইরূপ কোনো প্রতিষ্ঠান যাহা বাংলাদেশ হইতে পণ্য বা সেবা রপ্তানি করিবার উদ্দেশ্যে এই আদেশের অধীন রপ্তানিকারক হিসাবে নিবন্ধিত।

৩। **নিবন্ধন গ্রহণের বাধ্যবাধকতা।**—নিবন্ধন গ্রহণ সাপেক্ষে, কোনো আমদানিকারক, রপ্তানিকারক বা ইন্ডেন্টর বাংলাদেশে পণ্য বা সেবা আমদানি বা বাংলাদেশ হইতে পণ্য বা সেবা রপ্তানি করিতে বা, ক্ষেত্রমত, ইন্ডেন্ট প্রদান করিতে পারিবেন।

৪। **নিবন্ধনের জন্য যোগ্য প্রতিষ্ঠান।**—(১) নিম্নবর্ণিত ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে কেবল একটি প্রতিষ্ঠান নিবন্ধিত হইবে, যথা:—

(ক) একজন মালিকের একাধিক ব্যবসায় প্রতিষ্ঠান থাকিলে;

(খ) দুই বা ততোধিক ব্যবসায় প্রতিষ্ঠানের মালিকগণ একই পরিবারের সদস্য হইলে; অথবা

(গ) উহার মালিক এইরূপ কোনো অংশীদারি ফার্মের অংশীদার হইলে যাহার অংশীদারগণ তাহার পরিবারের সদস্য।

(২) নিম্নবর্ণিত অংশীদারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে কেবল একটি প্রতিষ্ঠান নিবন্ধিত হইবে, যথা:—

(ক) দুই বা ততোধিক প্রতিষ্ঠানের অংশীদারগণ একই পরিবারের সদস্য হইলে; অথবা

(খ) দুই বা ততোধিক প্রতিষ্ঠানের অংশীদারগণ একই ব্যক্তি হইলে।

(৩) দুই বা ততোধিক প্রাইভেট কোম্পানির শেয়ার হোল্ডারগণ একই পরিবারের সদস্যভুক্ত হইলে অথবা দুই বা ততোধিক প্রাইভেট কোম্পানির শেয়ার হোল্ডার একই ব্যক্তি হইলে কেবল একটি কোম্পানি নিবন্ধিত হইবে।

(৪) কোনো প্রতিষ্ঠান অপর কোনো প্রতিষ্ঠানের পণ্য বা সেবাসমূহের ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যের নিমিত্ত ম্যানেজিং এজেন্টরূপে কার্য পরিচালনা করিলে, উক্ত প্রতিষ্ঠানকে নিবন্ধনের অনুমতি প্রদান করা হইবে না; তবে ম্যানেজিং এজেন্টরূপে কার্য পরিচালনাকারী কোনো প্রতিষ্ঠান এই আদেশের অন্যান্য বিধান অনুসারে নিবন্ধন লাভের জন্য যোগ্য হইলে, এই অনুচ্ছেদের বিধান উক্ত প্রতিষ্ঠানের নিবন্ধন প্রাপ্তির ক্ষেত্রে কোনো বাধা হইবে না।

(৫) উপ-অনুচ্ছেদ (১), (২) বা (৩) এর বিধান অনুসারে কোনো প্রতিষ্ঠানকে নিবন্ধন প্রদানের সময় যদি একই মালিক, অংশীদার বা শেয়ার হোল্ডারগণের অন্য কোনো প্রতিষ্ঠানকে নিবন্ধন করা না হয়, সেইক্ষেত্রে উক্ত প্রতিষ্ঠানকে উহার অতীত কার্যাবলি, যদি থাকে, পৃথকভাবে নিবন্ধনপ্রাপ্ত প্রতিষ্ঠানের অনুকূলে বিবেচনা করিতে হইবে।

(৬) যেইক্ষেত্রে বিভিন্ন ধরন, শ্রেণি বা বিশেষরূপে প্রস্তুতকৃত দ্রব্যসমূহের আমদানি বা রপ্তানি কার্যে পৃথক পৃথক প্রতিষ্ঠান নিয়োজিত রহিয়াছে এবং প্রধান নিয়ন্ত্রকের মতে যাহাদের কোনো বিশেষ বাণিজ্যিক বা শিল্প-উদ্দেশ্যপূরণকল্পে আমদানি বা রপ্তানির জন্য একক প্রতিষ্ঠান হিসাবে দলভুক্ত করিবার কারণ নাই, সেইক্ষেত্রে উপ-অনুচ্ছেদ (১), (২) ও (৩) এর বিধানসমূহ প্রযোজ্য হইবে না।

(৭) উপ-অনুচ্ছেদ (১) এর দফা (খ), উপ-অনুচ্ছেদ (২) এর দফা (ক) ও উপ-অনুচ্ছেদ (৩) এর বাধ্যবাধকতা এইরূপ কোনো স্বামী বা স্ত্রীর ক্ষেত্রে প্রযোজ্য হইবে না, যিনি বিবাহের পূর্বে একটি স্বতন্ত্র ব্যবসায় প্রতিষ্ঠা করিয়াছেন এবং আয়কর প্রদান করিয়াছেন।

(৮) আমদানিকারক, রপ্তানিকারক বা ইন্ডেন্টররূপে এইরূপ কোনো বিদেশি ফার্মকে নিবন্ধন করা হইবে না, যাহা কোম্পানি আইন, ১৯৯৪ অনুযায়ী নিবন্ধিত হয় নাই অথবা যাহার বাংলাদেশে কোনো ব্যবসায়ের স্থল নাই এবং যাহা উক্ত আইনের ধারা ৩৭৮-৩৮৭ এর বাধ্যবাধকতা পূরণ করে নাই।

(৯) বিদেশি কোনো সরবরাহকারীর সহিত একক এজেন্সি চুক্তিবলে নিবন্ধিত কোনো ইন্ডেটর বাংলাদেশে ইন্ডেন্ট ব্যবসায় পরিচালনার উদ্দেশ্যে যদি অপর কোনো বিদেশি সরবরাহকারীর সহিত অতিরিক্ত এজেন্সি চুক্তিতে আবদ্ধ হইতে ইচ্ছুক হয়, তাহা হইলে উহাকে প্রধান নিয়ন্ত্রকের নিকট হইতে, এইরূপ প্রত্যেক অতিরিক্ত বিদেশি সরবরাহকারীর নাম ইহার ইন্ডেন্ট নিবন্ধনে অন্তর্ভুক্ত করিবার জন্য, পূর্বানুমতি গ্রহণ করিতে হইবে।

৫। **নিবন্ধনের আবেদন।**—(১) এই আদেশের অধীন নিবন্ধনের জন্য আবেদনকারীকে নিবন্ধনের ধরন অনুযায়ী ফরম-১ বা, ক্ষেত্রমত, ফরম-২ অনুযায়ী তথ্যাদি ও কাগজপত্র এবং তফসিলে উল্লিখিত ফিসহ অনলাইনে নিবন্ধন কর্তৃপক্ষ বরাবর আবেদন দাখিল করিতে হইবে।

(২) নিবন্ধন কর্তৃপক্ষ উপ-অনুচ্ছেদ (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর আবেদনের সহিত দাখিলকৃত তথ্যাদি ও কাগজপত্র পরীক্ষা-নিরীক্ষা করিবে এবং, প্রয়োজনে, পরীক্ষা-নিরীক্ষার পর্যায়ে আবেদনকারীর নিকট হইতে সংশ্লিষ্ট যে কোনো তথ্য ও কাগজপত্র চাহিতে পারিবে।

৬। **নিবন্ধন সনদ ইস্যু, ইত্যাদি।**—(১) অনুচ্ছেদ ৫ এর উপ-অনুচ্ছেদ (২) এর অধীন আবেদনে উল্লিখিত তথ্যাদি ও কাগজপত্র পরীক্ষা-নিরীক্ষার পর নিবন্ধন কর্তৃপক্ষ উহার সঠিকতা সম্পর্কে নিশ্চিত হইলে নিবন্ধন করিয়া আবেদনকারীকে নিবন্ধন সনদ ইস্যু করিবে।

(২) অনুচ্ছেদ ৫ এর উপ-অনুচ্ছেদ (২) এর অধীন আবেদনে উল্লিখিত তথ্যাদি ও কাগজপত্র পরীক্ষা-নিরীক্ষার পর নিবন্ধন কর্তৃপক্ষ উহার সঠিকতা সম্পর্কে নিশ্চিত না হইলে, নিবন্ধনের আবেদন নামঞ্জুর করিতে পারিবে এবং কারণ লিপিবদ্ধ করিয়া উক্তরূপ নামঞ্জুরের বিষয়টি সংশ্লিষ্ট আবেদনকারীকে অবহিত করিবে।

(৩) নিবন্ধন কর্তৃপক্ষ, আবেদনকারীর চাহিদা অনুসারে বাংলা, ইংরেজি বা উভয় ভাষায়, অনলাইনে নিবন্ধন সনদ ইস্যু করিবে।

৭। **নিবন্ধনের মেয়াদ।**—নিবন্ধনের মেয়াদ হইবে উহা ইস্যুর তারিখ হইতে পরবর্তী ১ (এক) বৎসর যাহা নবায়নযোগ্য হইবে।

৮। **নিবন্ধন সনদ নবায়ন।**—(১) নিবন্ধন সনদের মেয়াদ শেষ হইবার অন্যূন ৬০ (ষাট) দিন পূর্বে উহা নবায়নের জন্য আবেদনকারীকে অনলাইনে ফরম-৩ অনুযায়ী উল্লিখিত তথ্যাদি ও কাগজপত্র এবং তফসিলে উল্লিখিত ফিসহ অনলাইনে আবেদন দাখিল করিতে হইবে।

(২) যদি কোনো আবেদনকারী উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত সময়সীমার মধ্যে নিবন্ধন সনদ নবায়নের জন্য আবেদন দাখিল করিতে ব্যর্থ হন, তাহা হইলে তিনি, তফসিলে উল্লিখিত বিলম্ব ফি প্রদান সাপেক্ষে, নিবন্ধন সনদ নবায়নের জন্য আবেদন করিতে পারিবেন।

(৩) নিবন্ধন কর্তৃপক্ষ উপ-অনুচ্ছেদ (১) বা (২) এর অধীন আবেদন প্রাপ্তির পর আবেদনের সহিত দাখিলকৃত তথ্যাবলি ও কাগজপত্র পরীক্ষা-নিরীক্ষা করিবে এবং, প্রয়োজনে, পরীক্ষা-নিরীক্ষার পর্যায়ে আবেদনকারীর নিকট হইতে সংশ্লিষ্ট যে কোনো তথ্য ও কাগজপত্র চাহিতে পারিবে।

(৪) নিবন্ধন সনদ নবায়নের জন্য দাখিলকৃত আবেদন এবং উহার সহিত সরবরাহকৃত তথ্য ও দাখিলকৃত কাগজপত্র পরীক্ষা-নিরীক্ষা করিয়া নিবন্ধন কর্তৃপক্ষ উপযুক্ত মনে করিলে অনধিক ৫ (পাঁচ) বৎসরের জন্য নিবন্ধন সনদ নবায়ন করিবে, এবং নবায়নের জন্য উপযুক্ত মনে না করিলে কারণ লিপিবদ্ধ করিয়া সংশ্লিষ্ট আবেদনকারীকে উহা অবহিত করিবে।

৯। **পরিদর্শন, তথ্যাদি প্রদান ইত্যাদি**।—(১) প্রধান নিয়ন্ত্রক অথবা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা নিবন্ধনের জন্য আবেদনকারী প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট বিভিন্ন দলিল ও হিসাব পরীক্ষা এবং তাহার ব্যবসায়স্থল পরিদর্শন করিতে পারিবেন।

(২) প্রধান নিয়ন্ত্রক বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা, প্রয়োজনে, যেকোনো সময়ে যেকোনো আমদানিকারক, রপ্তানিকারক বা ইন্ডেন্টরের নিকট হইতে ব্যবসায় পরিচালনা, আর্থিক লেনদেন এবং পণ্য বা সেবা আমদানি এবং রপ্তানি সম্পর্কিত কাজে অনুসৃত বাণিজ্যিক পদ্ধতিসমূহ এবং আমদানিকৃত বা রপ্তানিকৃত পণ্য বা সেবা বা আমদানি ও রপ্তানি করিতে ইচ্ছুক এইরূপ পণ্যের শ্রেণি এবং প্রকৃতি সম্পর্কিত প্রমাণক এবং তথ্য প্রদান করিবার জন্য আদেশ প্রদান করিতে পারিবেন।

১০। **নিবন্ধন সনদ স্থগিতকরণ, বাতিল, ইত্যাদি।**—(১) নিবন্ধন কর্তৃপক্ষ নিম্নবর্ণিত কারণে নিবন্ধন সনদ স্থগিত অথবা বাতিল করিতে পারিবে, যথা:—

(ক) আইন বা এই আদেশের কোনো বিধান লঙ্ঘন করিলে;

(খ) আমদানি, রপ্তানি বা বৈদেশিক মুদ্রা সম্পর্কিত যেকোনো বিধানসহ মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ (২০১২ সনের ৫ নং আইন) লঙ্ঘন করিলে;

(গ) আমদানিকৃত বা রপ্তানিকৃত পণ্য বা সেবামূল্যের আন্ডার ইনভয়েসিং বা ওভার ইনভয়েসিং করিলে;

(ঘ) প্রধান নিয়ন্ত্রক বা এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক জারীকৃত আমদানি বা রপ্তানি নিবন্ধন বা অথরাইজেশন ক্রয়, বিক্রয় বা হস্তান্তরের শর্তসমূহ লঙ্ঘন করিলে;

(ঙ) প্রতারণামূলকভাবে নিবন্ধন সনদ অর্জন বা অর্জনের চেষ্টা করিলে;

(চ) আমদানি অথবা রপ্তানিকৃত পণ্য বা সেবার সরবরাহ, মজুদ, গুণগত মান অথবা মূল্য সম্পর্কিত কোনো আইন, বিধি বা আদেশ লঙ্ঘন করিলে;

(ছ) ইন্ডেন্ট সম্পর্কিত কোনো অনিয়ম করিলে;

(জ) ঘোষিত অথবা নিবন্ধিত স্থানে আমদানিকারক, রপ্তানিকারক বা ইন্ডেন্টরের অস্তিত্ব না থাকিলে; এবং

(ঝ) আমদানি, রপ্তানি এবং ইন্ডেন্ট সম্পর্কিত মিথ্যা ঘোষণা প্রদান করিলে।

(২) উপ-অনুচ্ছেদ (১) এর অধীন নিবন্ধন স্থগিত বা বাতিল করিবার ক্ষেত্রে সংশ্লিষ্ট পক্ষকে যুক্তিসংগত শুনানির সুযোগ প্রদান করিতে হইবে।

১১। **পুনর্বিবেচনা, আপিল ও পুনরীক্ষণ।**—নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত যেকোনো সিদ্ধান্তের বিরুদ্ধে ১০ অক্টোবর, ১৯৭৭ খ্রিস্টাব্দ তারিখে এস.আর.ও. নং- ৩১৩-এল/৭৭ এর মাধ্যমে জারীকৃত Review, Appeal and Revision Order, 1977 এর অধীন পুনর্বিবেচনা, আপিল ও পুনরীক্ষণ করা যাইবে এবং তদনুসারে উহা নিষ্পত্তি করা হইবে।

১২। **নিবন্ধন সনদ সমর্পণ।**—(১) কোনো আমদানিকারক, রপ্তানিকারক বা ইন্ডেন্টর সুনির্দিষ্ট কারণ উল্লেখ করিয়া নিবন্ধন বাতিলের জন্য প্রধান নিয়ন্ত্রক বরাবর আবেদন দাখিলের মাধ্যমে নিবন্ধন সনদ সমর্পণ করিলে, প্রধান নিয়ন্ত্রক, সরকারি পাওনা পরিশোধ সাপেক্ষে, নিবন্ধন বাতিল করিতে পারিবেন।

(২) উপ-অনুচ্ছেদ (১) এর অধীন নিবন্ধন বাতিল করা হইলে উহা পুনর্বহাল করিবার কোনো সুযোগ থাকিবে না।

১৩। **গণ-বিজ্ঞপ্তি জারি এবং ওয়েবসাইটে প্রকাশ।**—কোনো আমদানিকারক, রপ্তানিকারক বা ইন্ডেন্টরের নিবন্ধন বাতিল বা স্থগিত করা হইলে, নিবন্ধন কর্তৃপক্ষ উহার অফিসিয়াল ওয়েবসাইটে তৎসংক্রান্ত গণ-বিজ্ঞপ্তি প্রকাশ করিবে।

১৪। **হেফাজত ও রহিতকরণ।**—(১) Importers, Exporters and Indentors (Registration) Order, 1981, অতঃপর 'রহিত আদেশ' বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উপ-অনুচ্ছেদ (১) এর অধীন উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, রহিত আদেশের অধীন—

(ক) কৃত কোনো কার্য, গৃহীত কোনো ব্যবস্থা, প্রদত্ত কোনো নিবন্ধন, জারীকৃত কোনো নোটিশ বা দাখিলকৃত কোনো আবেদন, এই আদেশের বিধানাবলির সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, এই আদেশের অধীন কৃত, গৃহীত, প্রদত্ত ও দাখিলকৃত হইয়াছে বলিয়া গণ্য হইবে;

(খ) কোনো কার্যক্রম চলমান থাকিলে, যতদূর সম্ভব, উহা এই আদেশের অধীন নিষ্পত্তি করিতে হইবে।

১৫। **ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ।**—(১) এই আদেশ কার্যকর হইবার পর, সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আদেশের মূল বাংলা পাঠের ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিবে।

(২) বাংলা ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

**ফরম-১**
**[অনুচ্ছেদ ৫(১) দ্রষ্টব্য]**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর**

**আমদানি নিবন্ধন সনদ (IRC) এর আবেদন ফরম**

| ক্রমিক নং | তথ্য |
|---|---|
| ১। | **প্রতিষ্ঠান সংক্রান্ত তথ্য-**<br>(ক) প্রতিষ্ঠানের নাম *:<br>(খ) টিআইএন (TIN)*:<br>(গ) ঠিকানা (বাংলা ও ইংরেজি)*:<br>(ঘ) প্রতিষ্ঠানের নাম (বাংলা ও ইংরেজি)*:<br>(ঙ) মোবাইল নম্বর*:<br>(চ) ফোন নম্বর:<br>(ছ) প্রতিষ্ঠানের প্রকার*:<br>(জ) বিভাগ ও জেলা*:<br>(ঝ) যোগাযোগের জন্য প্রতিষ্ঠানের অনুমোদিত ব্যক্তির নাম, মোবাইল/টেলিফোন নম্বর:<br>(ঞ) ডমেস্টিক শেয়ার (%): |
| ২। | **স্বত্বাধিকারী সংক্রান্ত তথ্য-**<br>(ক) স্বত্বাধিকারীর নাম:<br>(খ) বর্তমান ও স্থায়ী ঠিকানা:<br>(গ) ব্যক্তিগত টিআইএন*:<br>(ঘ) ফোন/মোবাইল নম্বর:<br>(ঙ) এনআইডি (NID)/পাসপোর্ট নম্বর*:<br>(চ) পাসপোর্ট সাইজ ছবি*: |
| ৩। | **মনোনীত ব্যাংকের তথ্য-**<br>(ক) ব্যাংকের নাম*:<br>(খ) শাখার নাম*:<br>(গ) শাখার ঠিকানা: |

| ক্রমিক নং | তথ্য |
|---|---|
| ৪। | **ট্রেড লাইসেন্স সংক্রান্ত তথ্য-**<br>(ক) ট্রেড লাইসেন্স নম্বর*:<br>(খ) ইস্যুর তারিখ*:<br>(গ) মেয়াদোত্তীর্ণের তারিখ:<br>(ঘ) ইস্যুকারী কর্তৃপক্ষ: |
| ৫। | **অন্যান্য তথ্য (কেবল শিল্প আইআরসি'র ক্ষেত্রে প্রযোজ্য)-**<br>(ক) ইন্ডাস্ট্রিয়াল সেক্টরের নাম*:<br>(খ) পোষকের নাম*:<br>(গ) পোষক নিবন্ধন নম্বর ও তারিখ*:<br>(ঘ) বাৎসরিক উৎপাদন সংক্রান্ত তথ্য (উৎপাদন ক্ষমতা, উৎপাদন শুরুর তারিখ, শ্রমিক সংখ্যা):<br>(ঙ) ফায়ার লাইসেন্স নম্বর, ইস্যু ও মেয়াদোত্তীর্ণের তারিখ:<br>(চ) ইনকর্পোরেশন রেজিস্ট্রেশন নম্বর ও তারিখ: |
| ৬। | **আমদানি সীমা (স্লাব) ও ফি-**<br>(ক) আমদানি সীমা*:<br>(খ) টাকার পরিমাণ:<br>(গ) চালান নম্বর ও তারিখ:<br>(ঘ) চালান জমার ব্যাংকের নাম ও শাখা:<br>(ঙ) চালান জমার কোড: |

(*) চিহ্নিত ফিল্ডগুলি অবশ্যই পূরণ করিতে হইবে।

**অঙ্গীকারনামা**

আমি/আমরা এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, উপরি-বর্ণিত তথ্যাবলি সত্য ও সঠিক। কোনো তথ্য অসত্য প্রমাণিত হইলে আইন অনুযায়ী যে শাস্তি আরোপ করা হইবে, তাহা মানিয়া লইতে বাধ্য থাকিবো।

তারিখ: 

স্বাক্ষর:
নাম:
পদবি:
মোবাইল নম্বর:

**সংযুক্তি-১**

| সেবার নাম | প্রয়োজনীয় কাগজপত্র |
|---|---|
| শিল্প আমদানি নিবন্ধন সনদ (শিল্প আইআরসি) | (১) হালনাগাদ ট্রেড লাইসেন্স (কারখানার ঠিকানায়)/ ইনকর্পোরেশন সনদ ও হালনাগাদ ফরম-১২ (কেবল লিমিটেড প্রতিষ্ঠানের ক্ষেত্রে)/ নিবন্ধিত অংশীদারি চুক্তিপত্র (কেবল অংশীদারি ফার্মের ক্ষেত্রে);<br>(২) ই-টিআইএন/আয়কর প্রত্যয়নপত্র/ ট্যাক্স রিটার্ন জমা দেওয়ার রিসিপ্ট কপি;<br>(৩) আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট;<br>(৪) কারখানা ও অফিস ঠিকানা উল্লেখপূর্বক মনোনীত ব্যাংকের প্রত্যয়নপত্র;<br>(৫) স্বীকৃত চেম্বার বা ব্যবসায় সংশ্লিষ্ট ট্রেড এসোসিয়েশনের হালনাগাদকৃত সদস্যতা সনদ;<br>(৬) ফায়ার লাইসেন্স (কারখানার ঠিকানায়):<br>(৭) পোষাক কর্তৃক শিল্প প্রকল্পের নিবন্ধনের কপি;<br>(৮) এইচএস কোড সম্বলিত কাঁচামালের তালিকা:<br>(৯) ফিস ও ভ্যাট জমাকরণের চালানকপি। |
| বাণিজ্যিক আমদানি নিবন্ধন সনদ (বাণিজ্যিক আইআরসি) | (১) হালনাগাদ ট্রেড লাইসেন্স/ইনকর্পোরেশন সনদ ও হালনাগাদ ফরম-১২ (কেবল লিমিটেড প্রতিষ্ঠানের ক্ষেত্রে)/ নিবন্ধিত অংশীদারি চুক্তিপত্র (কেবল অংশীদারি ফার্মের ক্ষেত্রে);<br>(২) ই-টিআইএন/আয়কর প্রত্যয়নপত্র/ ট্যাক্স রিটার্ন জমা দেওয়ার রিসিপ্ট কপি;<br>(৩) আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট;<br>(৪) মনোনীত ব্যাংকের প্রত্যয়নপত্র;<br>(৫) স্বীকৃত চেম্বার বা ব্যবসায় সংশ্লিষ্ট ট্রেড এসোসিয়েশনের হালনাগাদকৃত সদস্যতা সনদ;<br>(৬) ফিস ও ভ্যাট জমাকরণের চালানকপি। |

| সেবার নাম | প্রয়োজনীয় কাগজপত্র |
|---|---|
| বহুজাতিক আমদানি নিবন্ধন সনদ (মাল্টিন্যাশনাল আইআরসি) | (১) হালনাগাদ ট্রেড লাইসেন্স/ইনকর্পোরেশন সনদ ও হালনাগাদ ফরম-১২ (কেবল লিমিটেড প্রতিষ্ঠানের ক্ষেত্রে)/ জয়েন্ট ভেঞ্চার এগ্রিমেন্ট (দেশি-বিদেশি বিনিয়োগে গঠিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে);<br>(২) ই-টিআইএন/আয়কর প্রত্যয়নপত্র/ ট্যাক্স রিটার্ন জমা দেওয়ার রিসিপ্ট কপি;<br>(৩) আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট (বিদেশিদের ক্ষেত্রে পাসপোর্ট ও ওয়ার্ক পারমিট);<br>(৪) মনোনীত ব্যাংকের প্রত্যয়নপত্র;<br>(৫) স্বীকৃত চেম্বার বা ব্যবসায় সংশ্লিষ্ট ট্রেড এসোসিয়েশনের হালনাগাদকৃত সদস্যতা সনদ;<br>(৬) ফিস ও ভ্যাট জমাকরণের চালানকপি। |

**ফরম-২**
**[অনুচ্ছেদ ৫(১) দ্রষ্টব্য]**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর**

**রপ্তানি নিবন্ধন সনদ (ERC) আবেদন ফরম**

| ক্রমিক নং | তথ্য |
|---|---|
| ১। | **প্রতিষ্ঠান সংক্রান্ত তথ্য-**<br>(ক) প্রতিষ্ঠানের নাম*:<br>(খ) টিআইএন (TIN)*:<br>(গ) ঠিকানা (বাংলা ও ইংরেজি)*:<br>(ঘ) প্রতিষ্ঠানের নাম (বাংলা ও ইংরেজি)*:<br>(ঙ) মোবাইল নম্বর*:<br>(চ) ফোন নম্বর:<br>(ছ) প্রতিষ্ঠানের প্রকার*:<br>(জ) বিভাগ ও জেলা*:<br>(ঝ) যোগাযোগের জন্য প্রতিষ্ঠানের অনুমোদিত ব্যক্তির নাম, মোবাইল/টেলিফোন নম্বর:<br>(ঞ) ডমেস্টিক শেয়ার (%): |
| ২। | **স্বত্বাধিকারী সংক্রান্ত তথ্য-**<br>(ক) স্বত্বাধিকারীর নাম:<br>(খ) বর্তমান ও স্থায়ী ঠিকানা:<br>(গ) ব্যক্তিগত টিআইএন*:<br>(ঘ) ফোন/মোবাইল নম্বর:<br>(ঙ) এনআইডি (NID)/পাসপোর্ট নম্বর*:<br>(চ) পাসপোর্ট সাইজ ছবি*: |
| ৩। | **মনোনীত ব্যাংকের তথ্য-**<br>(ক) ব্যাংকের নাম*:<br>(খ) শাখার নাম*:<br>(গ) শাখার ঠিকানা: |

| ক্রমিক নং | তথ্য |
|---|---|
| ৪। | **ট্রেড লাইসেন্স সংক্রান্ত তথ্য-**<br>(ক) ট্রেড লাইসেন্স নম্বর*:<br>(খ) ইস্যুর তারিখ*:<br>(গ) মেয়াদোত্তীর্ণের তারিখ:<br>(ঘ) ইস্যুকারী কর্তৃপক্ষ:<br>(ঙ) ব্যবসায়ের ধরণ: |
| ৫। | **এজেন্সি চুক্তি সংক্রান্ত তথ্য (কেবল ইন্ডেটিং সেবার ক্ষেত্রে প্রযোজ্য)-**<br>(ক) প্রিন্সিপাল প্রতিষ্ঠানের নাম ও দেশ:<br>(খ) চুক্তি নম্বর:<br>(গ) কমিশনের হার:<br>(ঘ) মেয়াদ: |
| ৬। | **ফি-**<br>(ক) টাকার পরিমাণ:<br>(খ) চালান নম্বর ও তারিখ:<br>(গ) চালান জমার ব্যাংকের নাম ও শাখা:<br>(ঘ) চালান জমার কোড: |

(*) চিহ্নিত ফিল্ডগুলি অবশ্যই পূর্ণ করিতে হইবে।

**অঙ্গীকারনামা**

আমি/আমরা এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, উপরি-বর্ণিত তথ্যাবলি সত্য ও সঠিক। কোনো তথ্য অসত্য প্রমাণিত হইলে আইন অনুযায়ী যে শাস্তি আরোপ করা হইবে, তাহা মানিয়া লইতে বাধ্য থাকিব।

তারিখ:

স্বাক্ষর:

নাম:

পদবি:

মোবাইল নম্বর:

**সংযুক্তি-১**

| সেবার নাম | প্রয়োজনীয় কাগজপত্র |
|---|---|
| রপ্তানি নিবন্ধন সনদ (ইআরসি) | (১) হালনাগাদ ট্রেড লাইসেন্স /ইনকর্পোরেশন সনদ ও হালনাগাদ ফরম-১২ (কেবল লিমিটেড প্রতিষ্ঠানের ক্ষেত্রে)/ নিবন্ধিত অংশীদারি চুক্তিপত্র (কেবল অংশীদারি ফার্মের ক্ষেত্রে);<br>(২) ই-টিআইএন/আয়কর প্রত্যয়নপত্র/ ট্যাক্স রিটার্ন জমা দেওয়ার রিসিপ্ট কপি;<br>(৩) আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট;<br>(৪) মনোনীত ব্যাংকের প্রত্যয়নপত্র;<br>(৫) স্বীকৃত চেম্বার বা ব্যবসায় সংশ্লিষ্ট ট্রেড এসোসিয়েশনের হালনাগাদকৃত সদস্যতা সনদ;<br>(৬) ফিস ও ভ্যাট জমাকরণের চালানকপি। |
| বহুজাতিক রপ্তানি নিবন্ধন সনদ (মাল্টিন্যাশনাল ইআরসি) | (১) হালনাগাদ ট্রেড লাইসেন্স/ইনকর্পোরেশন সনদ ও হালনাগাদ ফরম-১২ (কেবল লিমিটেড প্রতিষ্ঠানের ক্ষেত্রে)/ জয়েন্ট ভেঞ্চার এগ্রিমেন্ট (দেশি-বিদেশি বিনিয়োগে গঠিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে);<br>(২) ই-টিআইএন/আয়কর প্রত্যয়নপত্র/ ট্যাক্স রিটার্ন জমা দেওয়ার রিসিপ্ট কপি;<br>(৩) আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট (বিদেশিদের ক্ষেত্রে পাসপোর্ট ও ওয়ার্ক পারমিট);<br>(৪) মনোনীত ব্যাংকের প্রত্যয়নপত্র;<br>(৫) স্বীকৃত চেম্বার বা ব্যবসায় সংশ্লিষ্ট ট্রেড এসোসিয়েশনের হালনাগাদকৃত সদস্যতা সনদ;<br>(৬) ফিস ও ভ্যাট জমাকরণের চালানকপি। |
| রপ্তানি নিবন্ধন সনদ (ইন্ডেন্টিং সার্ভিস) | (১) হালনাগাদ ট্রেড লাইসেন্স/ইনকর্পোরেশন সনদ ও হালনাগাদ ফরম-১২ (কেবল লিমিটেড প্রতিষ্ঠানের ক্ষেত্রে)/ নিবন্ধিত অংশীদারি চুক্তিপত্র (কেবল অংশীদারি ফার্মের ক্ষেত্রে);<br>(২) ই-টিআইএন/আয়কর প্রত্যয়নপত্র/ ট্যাক্স রিটার্ন জমা দেওয়ার রিসিপ্ট কপি;<br>(৩) আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট;<br>(৪) মনোনীত ব্যাংকের প্রত্যয়নপত্র/ব্যাংক পরিবর্তনের ক্ষেত্রে অনাপত্তিপত্র;<br>(৫) এজেন্সি চুক্তিপত্র;<br>(৬) বাংলাদেশ ইন্ডেন্টিং এজেন্টস এসাসিয়েশনের হালনাগাদ সদস্যতা সনদ;<br>(৭) ফিস ও ভ্যাট জমাকরণের চালানকপি। |

**ফরম-৩**
**[অনুচ্ছেদ ৮(১) দ্রষ্টব্য]**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর**

**আমদানি/রপ্তানি/ইন্ডেন্ট নিবন্ধন সনদ নবায়নের আবেদন ফরম**

| ক্রমিক নং | তথ্য |
|---|---|
| ১। | **প্রতিষ্ঠান সংক্রান্ত তথ্য-**<br>(ক) সর্বশেষ নিবন্ধন/নবায়নের ট্রাকিং নম্বর:<br>(খ) নিবন্ধনের প্রকৃতি:<br>(গ) প্রতিষ্ঠানের নাম:<br>(ঘ) প্রতিষ্ঠানের ঠিকানা:<br>(ঙ) মোবাইল নম্বর*:<br>(চ) মেয়াদোত্তীর্ণের তারিখ:<br>(ছ) নবায়নের মেয়াদ*:<br>(জ) টিআইএন:<br>(ঝ) বিআইএন নম্বর (প্রথমবার নবায়নের আবেদনের ক্ষেত্রে বিআইএন পূরণ বাধ্যতামূলক): |
| ২। | **আমদানি সীমা সংক্রান্ত তথ্য (কেবল আমদানি নিবন্ধন সনদের ক্ষেত্রে প্রযোজ্য)-**<br>(ক) পূর্বের আমদানি সীমা (স্লাব):<br>(খ) পরিবর্তিত আমদানি সীমা (স্লাব): |
| ৩। | **ফি-**<br>(ক) টাকার পরিমাণ:<br>(খ) চালান নম্বর ও তারিখ:<br>(গ) চালান জমার ব্যাংকের নাম ও শাখা:<br>(ঘ) চালান জমার কোড: |

(*) চিহ্নিত ফিল্ডগুলি অবশ্যই পূর্ণ করিতে হইবে।

**অঙ্গীকারনামা**

আমি/আমরা এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, উপরি-বর্ণিত তথ্যাবলি সত্য ও সঠিক। কোনো তথ্য অসত্য প্রমাণিত হইলে আইন অনুযায়ী যে শাস্তি আরোপ করা হইবে, তাহা মানিয়া লইতে বাধ্য থাকিব।

তারিখ:

স্বাক্ষর:

নাম:

পদবি:

মোবাইল নম্বর:

**সংযুক্তি-৩**

| **প্রয়োজনীয় কাগজপত্র** |
| --- |
| ১। ফিস ও ভ্যাট জমাকরণের চালানকপি;<br>২। সর্বশেষ করবর্ষের আয়কর রিটার্ন দাখিলের প্রাপ্তি স্বীকারপত্র;<br>৩। অন্যান্য হালনাগাদকৃত কাগজপত্রাদি (প্রযোজ্য ক্ষেত্রে)। |

## তফসিল

[অনুচ্ছেদ ৫(১) এবং ৮ দ্রষ্টব্য]

| ক্রমিক নং | ফি | | |
|---|---|---|---|
| ১। | আমদানি নিবন্ধন ফি ও নবায়ন ফি [প্রতি ১ (এক) বছরের জন্য] | | |
| | **আমদানি স্বত্ব/সীমা/স্লাব** | **নিবন্ধন ফি** | **নবায়ন ফি** |
| | (১) ৫,০০,০০০ টাকা পর্যন্ত | ৫,০০০ টাকা | ৩,০০০ টাকা |
| | (২) ৫,০০,০০১ টাকা-২৫,০০,০০০ টাকা পর্যন্ত | ১০,০০০ টাকা | ৬,০০০ টাকা |
| | (৩) ২৫,০০,০০১ টাকা -৫০,০০,০০০ টাকা পর্যন্ত | ২৪,০০০ টাকা | ১৬,০০০ টাকা |
| | (৪) ৫০,০০,০০১ টাকা-১,০০,০০,০০০ টাকা পর্যন্ত | ৪০,০০০ টাকা | ১৫,০০০টাকা |
| | (৫) ১,০০,০০,০০১ টাকা -৫,০০,০০,০০০ টাকা পর্যন্ত | ৫০,০০০ টাকা | ২২,০০০ টাকা |
| | (৬) ৫,০০,০০,০০১ টাকা -২০,০০,০০,০০০ টাকা পর্যন্ত | ৬০,০০০ টাকা | ২৪,০০০ টাকা |
| | (৭) ২০,০০,০০,০০১ টাকা-৫০,০০,০০,০০০ টাকা পর্যন্ত | ৭০,০০০ টাকা | ২৮,০০০ টাকা |
| | (৮) ৫০,০০,০০,০০১ টাকা-১০০,০০,০০,০০০ টাকা বা তদূর্ধ্ব | ৮০,০০০ টাকা | ৩২,০০০ টাকা |
| ২। | **(খ) বিভিন্ন ধরণের রপ্তানি নিবন্ধন ফি ও নবায়ন ফি** [প্রতি ১ (এক) বছরের জন্য] | | |
| | **রপ্তানি নিবন্ধন সংক্রান্ত সেবাসমূহ** | **নিবন্ধন ফি** | **নবায়ন ফি** |
| | (১) রপ্তানি নিবন্ধন সনদ (ইআরসি) | ১০,০০০ টাকা | ৭,০০০ টাকা |
| | (২) রপ্তানি নিবন্ধন সনদ (ইন্ডেন্টিংসার্ভিস) | ৫০,০০০ টাকা | ২৫,০০০ টাকা |
| | (৩) বহুজাতিক রপ্তানি নিবন্ধন সনদ (ইআরসি) | ১০,০০০ টাকা | ৭,০০০ টাকা |

**(গ) বিলম্ব ফি (নির্ধারিত সময়ের মধ্যে যে কোনো নিবন্ধন নবায়নে ব্যর্থ হইলে)**

| সময়সীমা | আমদানিকারক (বাণিজ্যিক ও শিল্প) | রপ্তানিকারক | রপ্তানিকারক (ইন্ডেটিং) |
|---|---|---|---|
| ১ (এক) হইতে ৩ (তিন) বৎসর পর্যন্ত | ২,০০০ টাকা | ১,০০০ টাকা | ২,০০০ টাকা |
| ৪ (চার) হইতে ৫ (পাঁচ)বৎসর | ৫,০০০ টাকা | ৪,০০০ টাকা | ৫,০০০ টাকা |
| ৬ (ছয়) বা তদূর্ধ্ব বৎসর | ২৫,০০০ টাকা | ১০,০০০ টাকা | ২৫,০০০ টাকা |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জিয়াউর রহমান**
যুগ্ম নিয়ন্ত্রক।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd